চুয়াডাঙ্গায় দৃগ্ধজাত পণ্য (মাঠা) পরিবহন ট্যাংকার ভ্যানের শুভ উদ্ভোধন

চুয়াডাঙ্গা ঝিনাইদাহ ও মেহেরপুর জেলায় আরএমটিপি প্রকল্পের আওতায় ওয়েভ ফাউন্ডেশন কতৃক বাস্তবায়িত আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল(ইফাদ) ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহযোগীতায় ‘‘নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন’’ শীর্ষক ভ্যালূচেইন উপ—প্রকল্প বাস্তবায়িত উদ্ভোধন করা হয়েছে।

আরএমটিপি প্রকল্প থেকে চুয়াডাঙ্গা জেলা সদরের বিসমিল্লাহ এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী মোঃ সুমন আলীকে ট্যাংকার ভ্যান ক্রয় বাবদ ২৫০০০/— টাকা অনুদান প্রদান করলে অবশিষ্ট টাকা প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী মোঃ সুমন আলী প্রদান করে ট্যাংকার ভ্যান ক্রয় করেন।

দৃগ্ধজাত ট্যাংকার ভ্যান গতকাল বুধবার সকাল সাড়ে দশটার সময় শুভ উদ্বোধন করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের আরএমটিপি প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার কৃষিবিদ আব্দুল বারী, মনিটরিং এন্ড রেজাল্ট মেনেজম্যন্ট অফিসার মোঃ জাহাঙ্গীর আলম, ইন্টারভেনশন ০৪ এর ভ্যালুচেইন ফ্যাসিলিটেটর মোঃ শরিফুল আলম লিটন, ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার লাইলাতুল ইসলাম এবং প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।। চুয়াডাঙ্গা জেলায় এই ট্যাংকার ভ্যান এর ফলে এলাকায় মাঠার প্রচলন হবে এবং নতুন নতুন উদ্যোক্তা তৈরী হবে। দুগ্ধজাত পণ্যের বহুমূখীকরনের ফলে এলাকায় দুধের উৎপাদন ও চাহিদা বৃদ্ধি পাবে।